

## ভিসা/আমিরাত আইডি সংক্রান্ত সংযুক্ত আরব আমিরাত সরকারের নতুন নির্দেশনা

প্রবাসী বাংলাদেশী যাদের রেসিডেন্স ভিসা এবং এমিরেটস্ আইডি কার্ডের মেয়াদ ০১ মার্চ ২০২০ তারিখ এবং তৎপরবর্তী সময়ে উত্তীর্ণ হয়েছে তাদের সকলকে নিম্নবর্ণিত সময়ের মধ্যে এ সকল ভিসা এবং আইডি কার্ড নবায়নের আবেদন করতে হবেঃ

ক্রঃনং	ভিসা ও আমিরাত আইডি-এর মেয়াদ উত্তীর্ণের তারিখ	নবায়নের আবেদন গ্রহণ শুরুর তারিখ
০১	মার্চ ২০২০	১২ জুলাই ২০২০
০২	এপ্রিল ২০২০	
০৩	মে ২০২০	১১ আগস্ট ২০২০
০৪	জুন ২০২০	১০ সেপ্টেম্বর ২০২০
০৫	০১ জুলাই হতে ১১ জুলাই ২০২০ তারিখ পর্যন্ত	
০৬	১১ জুলাই ২০২০ পরবর্তী সময়ে মেয়াদ উত্তীর্ণ	পূর্বের স্বাভাবিক নিয়ম বহাল থাকবে

০২। সংযুক্ত আরব আমিরাত সরকারের এ সিদ্ধান্তের ফলে পূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল সিদ্ধান্ত বাতিল বলে গণ্য হবে অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত নবায়ন না করার সুযোগ বাতিল হয়েছে।

০৩। ০১ মার্চ ২০২০ তারিখ এবং তৎপরবর্তী সময়ে ভিসা এবং আমিরাত আইডি-এর মেয়াদ উত্তীর্ণ যে সকল প্রবাসী বাংলাদেশীগণ এই মুহূর্তে বাংলাদেশসহ বিশ্বের তৃতীয় কোন দেশে অবস্থান করছেন অথবা ০৬ মাসের অধিক সময় আমিরাতের বাইরে রয়েছেন, তাদের জন্য যে দেশে অবস্থান করেছেন সে দেশের সাথে সংযুক্ত আরব আমিরাতের বিমান চলাচল স্বাভাবিক হওয়া সাপেক্ষে ভিসা নবায়নের জন্য অতিরিক্ত সময় দেয়া হবে।

### তথ্য সূত্র :

- ১) ইউএই সরকারের প্রেস বিজ্ঞপ্তি।